দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 1 9 MAY 1989
পৃষ্ঠা 4 কলাম 1

84

## বাংলা ভাষার প্রয়োগ ও অপপ্রয়োগ

বাংলা ভাষার ব্যবহার বাড়ছে এবং সেই সাথে বাড়ছে এর অপপ্রয়োগ ও অপব্যবহার। অথচ বাংলাভাষার অপপ্রয়োগ ও অপব্যবহার আমাদের কারো কাম্য ছিল না। আমরা চেয়েছিলাম বাংলা ভাষার ব্যাপক প্রচলনের সাথে সাথে সবাই এর ব্যবহার এবং প্রয়োগে সচেতন হবেন বিশেষত বুদ্ধিজীবিগণ এবং প্রচার মাধ্যমগুলো; কিন্তু তা হয়নি। এর প্রমাণ প্রতিদিনকার পত্র-পত্রিকা এবং বেতার-টেলিভিশন। বাংলা ভাষার এই অপপ্রয়োগ রোধ করতে হবে। কিন্তু কি ভাবে? এ প্রসঙ্গে আমি একটি প্রস্তাব রাখতে চাই। আশা করব বিশেষজ্ঞগণ বিষয়টি ভেবে দেখবেন।

প্রস্তাব: আমাদের বিদ্যালয়গুলোতে ষষ্ঠ শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত "বাংলা সাহিত্য" (বাংলা ১ম পত্র) এর সাথে দ্রুত পঠন নামে একটি সাহিত্য পুস্তক পড়ানো হয় আবশ্যিক ১৫ নম্বরের। দ্রুত পঠন না পড়লেও বাংলা সাহিত্য পাঠ অসম্পূর্ণ থাকে না। কিন্তু দ্রুতপঠন বাদ দিয়ে যদি তদস্থলে ১৫ নম্বরের বাংলা ভাষার ধ্বনিতত্ত্ব, উচ্চারণ-বিধি, বানান-বিধি, এর প্রয়োগ ও অপপ্রয়োগ সম্পর্কিত কোন বই আবশ্যিক পাঠ্য করা হয় তবে ভাল বইতো খারাপ হবে না। এতে করে ছোট বেলা থেকেই ছাত্ররা বাংলা উচ্চারণ, বানান-এর প্রয়োগ, অপপ্রয়োগ এবং বিবিধ বিষয়ে ব্যবহারিক ও তাত্ত্বিক জ্ঞান পাবে। সেই সাথে এস. এস. সি পরীক্ষায় ও পাঁচ নম্বরের একটি আবশ্যিক প্রশ্ন থাকবে। এভাবে যদি আমরা ছোটদের মধ্যে বাংলা ভাষার প্রয়োগ সম্পর্কে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান দিই তবে আমার মনে হয় অদূর ভবিষ্যতে বাংলাভাষার প্রয়োগ ও অপপ্রয়োগ নিয়ে আমাদের অধিক ভাবতে হবে না।

কয়েক দিন আগে বাংলা একাডেমী বাংলা ভাষার প্রয়োগ ও অপপ্রয়োগ নামে যে পুস্তক প্রকাশ করেছে তার একটি পূর্ণাঙ্গ সংস্করণ প্রকাশ করে এর নিয়ম নীতি মেনে চলার কঠোর পদক্ষেপ গ্রহণ করা হোক।

মুহম্মদ মুকসেদ আলী
২৭৯, দনিয়া
ঢাকা-১২০৪